সমকাল

তারিখ 20 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

### পাবনার এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজ

# ২৬ হাজার শিক্ষার্থী পরিবহনে মাত্র ৪টি বাস!

পাবনা অফিস

সরকারি এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজে পরিবহন সংকটের কারণে শিক্ষার্থীরা চরম দুর্ভোগের শিকার হচ্ছেন। ২৬ হাজার ছাত্রছাত্রীর জন্য পরিবহন পুলে ৫০ সিটের মাত্র ৪টি ব্যস রয়েছে। ফলে গাদাগাদি ও চাপাচাপি করে ছাত্রছাত্রীরা খুব কষ্টে কলেজে আসা-যাওয়া করছেন।

পাবনার সরকারি এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজে ২৬ হাজার ছাত্রছাত্রীর যাতায়াতের জন্য পরিবহন পুলে ৫০ সিটের মাত্র ৪টি বাস রয়েছে। ৪টি বাস ৬টি রুটে চলাচল করে। এর মধ্যে ৪টি বাস ডাবল রুটে চলে। আর দুটি বাস শিপটিংয়ে ডাবল রুটে চলে। এসব বাসা পাবনা জেলার আটঘরিয়া, ঈশ্বরদী, চাটমোহর, সাঁথিয়া, আতাইকুলা, কাশিনাথপুর, ভাঙ্গুড়া, সুজানগর, সাতবাড়িয়া ইত্যাদি জায়গা থেকে শিক্ষার্থী আনা-নেওয়া করে থাকে।

ছাত্রছাত্রীরা জানান, ভর্তির সময় বাসের জন্য সেশন ফি বাবদ অতিরিক্ত ৪০০ টাকা নেওয়া হয়। কিন্তু বাসের পূর্ণ সুযোগ-সুবিধা দেওয়া হয় না। ২৬ হাজার শিক্ষার্থীর জন্য পরিবহন পুলে মাত্র ৪টি বাস রয়েছে। ৫০ সিটের প্রতিটি বাসে প্রায় ২০০ ছাত্রছাত্রী গাদাগাদি করে চরম কষ্টে যাতায়াত করেন। বিশেষ করে গরমের দিনে চরম কষ্টের মধ্যে চলাচল করতে হয়। কলেজের অনার্স প্রথম বর্ষের ছাত্রী মিনি খাতুন, মালা সরকার ও সুমি খাতুন সমকালকে বলেন, মেয়েরা বাসের মধ্যে সিট না পেয়ে প্রায়ই দাঁড়িয়ে থাকেন। ভিড়ে ছেলেদের সঙ্গে ঠেলাঠেলি করে এক রকম বাধ্য হয়েই যাতায়াত করি। এতে প্রতিনিয়ত দুর্ভোগের শিকার হতে হয়।

সরকারি এডওয়ার্ড কলেজের পরিবহন আহ্বায়ক রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক একে ফজলুল হক পরিবহন সংকটের কথা স্বীকার সমকালকে বলেন, 'প্রায় ২৬ হাজার শিক্ষার্থীর জন্য কলেজে যে ৪টি বাস আছে, সেগুলোর প্রতিটি ডাবল রুটে চালু করা সম্ভব না। কারণ বাসগুলো পুরনো। তাই খুব দুর্বল হয়ে গেছে। বাস কেনার অনুদানের জন্যও সরকারের কাছে আবেদন করেছেন। সরকার বাস ক্রয়ের একটা শর্তযুক্ত অনুমতি দিয়েছে। কিন্তু সেই শর্তগুলো প্রতিপালন করা কলেজের জন্য খুব কঠিন। শর্ত শিথিলের জন্য আলাপ চলছে। শর্তগুলো সহজ করে দিলে কলেজ কর্তৃপক্ষ নিজস্ব অর্থায়নে বাস ক্রয় করতে সক্ষম হবে। তাহলে পরিবহন সংকট অনেকটাই সমাধান হবে।' সরকারি এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ ড. হুমায়ুন কবির মজুমদার সমকালকে জানান, কলেজ কর্তৃপক্ষ পরিবহন সংকট সমাধানের জন্য চেষ্টা করছে।